

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
www.bnh.gov.bd



বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম কর্তৃক বছরব্যাপী বছরব্যাপী কর্মসূচী গ্রহণ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ পরিমল সিংহ, পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

তারিখঃ ২২ মার্চ ২০২১।

সময়ঃ বিকাল ২:০০ ঘটিকা।

স্থানঃ সেমিনার রুম, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

উপস্থিতিঃ পরিশিষ্ট-“ক”


সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর সভাপতির অনুমতিক্রমে জনাব নাইমুর রহমান, উপপরিচালক ও উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে ০৯/০২/২০২১ তারিখ এর ১৪ নং স্মারকে প্রাপ্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ সভায় অভিহিত করেন।

০২। এ পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন, চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় কর্মসূচির আলোকে বছরব্যাপী স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় সকলের সম্মিলিত প্রচেষ্টায় উদযাপন করতে হবে। বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম কর্তৃক বছরব্যাপী কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সভায় উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকাল
ক.	প্রতীকী ব্ল্যাক আউট পালন নিশ্চিত করা	২৫ মার্চ ২০২১ (রাত ৯.০০ থেকে রাত ৯.০১ মিনিট পর্যন্ত)
খ.	সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন	২৬ মার্চ ২০২১
গ.	বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ভবন আলোকসজ্জাকরণ	২৬ মার্চ ২০২১ সন্ধ্যা হতে
ঘ.	“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন” শীর্ষক আলোচনা সভা	২৬ মার্চ ২০২১ (সুবিধাজনক সময়)
ঙ.	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের সেবাসমূহ সেবাগ্রহীতাদের বিনামূল্যে প্রদান	বছরব্যাপী
চ.	বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের মুজিব বর্ষ পালন উপলক্ষ্যে চলমান বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান অব্যাহত রাখা	বছরব্যাপী
ছ.	হারবেরিয়াম চত্বরের নির্দিষ্ট স্থানে গৌরবময় ‘স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী’ নামে ভেষজ গাছের চারা রোপণপূর্বক ভেষজ কর্নার স্থাপন করা	৩১ মার্চ ২০২১ এর মধ্যে।
জ.	বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ওয়েবসাইটে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করে গৃহীত কার্যক্রম তুলে ধরা	২২ মার্চ ২০২১ এর পূর্বে।
ঝ.	স্বাধীনতার সুবর্ণজয়ন্তী স্মরণীয় করে রাখার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার/ফেস্টুন তৈরি ও টাঙ্গানো	২৬ মার্চ ২০২১ এর পূর্বে।

৩.০ অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(পরিমল সিংহ)

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

স্মারক নং-২২.০৫.০০০০.০০২.২৩.০০১.১৯-১৪৫

তারিখঃ ২২ মার্চ ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।